উদ্ধার না হইবার কারণ কি? তাহার উত্তরে বলিতেছেন—জীব অনন্ত, শ্রীপ্রহ্লাদ মহাশয়ের হৃদয়ে অনন্ত জীবের কথা উদয় হয় নাই; যত পরিমাণে জীবের দুঃখ দেখিয়াছেন বা শুনিয়াছেন, তাহাদের কথাই হৃদয়ে জাগিয়াছিল এবং সেইসকল জীবের দুঃখেই কাতর হইয়া শ্রীনৃসিংহদেবের নিকটে প্রার্থনা করিয়াছিলেন। সেইসকল জীব নিস্তার হইবেই। মূল শ্লোকেও "নৈতান্ বিহায়" অর্থাৎ সেইসকল জীবকে এতৎ শব্দ প্রয়োগ দ্বারা এইরূপে উল্লেখ করিয়াছেন, কিন্তু সর্ব্বজীব উদ্ধারের প্রার্থনা করেন নাই। অন্য যে সকল জীবের দুঃখে কাতর হইয়া শ্রীপ্রহ্লাদ মহাশয় উদ্ধারের প্রার্থনা করেন নাই, তাহাদের প্রতিও প্রহ্লাদ মহাশয়ের চরিত্র এবং তৎকৃত স্তোত্র কীর্ত্তন স্মরণমাত্রেই কৃতার্থতা লাভ করিতে এইরূপ বর শ্রীনৃসিংহদেব কৃপাপরবশ হইয়া দান করিয়াছেন। "য এতৎ কীর্ত্তয়েন্মহ্যং ত্বয়া গীতমিদং নরঃ, ত্বাঞ্চ মাঞ্চ স্মরণকালে কর্ম্মবন্ধাৎ প্রমুচ্যতে"। হে প্রহ্লাদ! যে মানব আমার সন্তুষ্টির জন্য তুমি যে গীত অর্থাৎ স্তব করিলে, ইহা কীর্ত্তন করিবে এবং তোমাকে ও আমাকে স্মরণ করিতে করিতে আমার সন্তুষ্টির জন্য তুমি যে স্তব করিলে, ইহা যে মানব কীর্ত্তন করিবে—সে জন কর্ম্মবন্ধ হইতে প্রকৃষ্টা মুক্তিলাভ করিবে অর্থাৎ আমার চরণে পরমাভক্তি-লাভ করিতে পারিবে। তোমাকে যে কীর্ত্তন করিবে সেই যখন মুক্তিলাভ করিবে, তাহা হইলে তুমি কৃপা করিয়া অর্থাৎ যাহাদের দুঃখে কাতর হইয়া মুক্তির প্রার্থনা করিতেছ, তাহারা যে মুক্ত হইবে—সে বিষয়ে আর কি সংশয় থাকিতে পারে? অতএব শ্রীমুচকুন্দ মহারাজ শ্রীকৃষ্ণকে স্তব করিয়া "ভবাপবর্গো ভ্রমতো যদা ভবেৎ" অর্থাৎ জীবের সংসারক্ষয়প্রাপ্ত কালে সাধু সমাগম হয়—এই কথাটি খুব সুন্দরই বলিয়াছেন। ১৭৯ ॥

ততঃ সৎসঙ্গস্যৈব তত্র নিদানত্বং সিদ্ধম্। তদযুক্তম্। অনাদিসিদ্ধতদজ্ঞানময়তদ্বৈ-মুখ্যবতামন্যথা হি তদসম্ভবঃ। তদুক্তম্—তর্কোঽপ্রতিষ্ঠঃ শ্রুতয়ো বিভিন্না নাসাবৃষির্যস্য মতং ন ভিন্নম্। ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং মহাজনো যেন গতঃ স পন্থা॥ ইতি। তত্রৈব শ্রীপ্রহ্লাদবাক্যম্—মতি র্ন কৃষ্ণে পরতঃ স্বতো বা মিথোঽভিপদ্যেত গৃহ-ব্রতানামিত্যুপক্রম্য, নৈষাং মতিস্তাবদুরুক্রমাঙ্ঘ্রিং স্পৃশত্যনর্থাপগমো যদর্থঃ। মহীয়সাং পাদরজোঽভিষেকং নিষ্কিঞ্চনানাং ন বৃণীত যাবৎ॥ ইতি। তথা তদ্বিমুখকর্ম্মাদিভিস্তৎসাম্মুখ্যপ্রতিপত্তেশ্চাত্যন্তাযোগঃ। অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদিন্যত্রা-স্মাৎ কৃতাকৃতাদন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চেতি শ্রুত্যাদেঃ। তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণাবিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেনেতি শ্রুত্যাদিকস্তু তৎসাম্মুখ্যেনৈব প্রযুক্তানি কর্ম্মাণ্যভিদধাতি। তর্হি তদেব সাম্মুখ্যং কথং স্যাদিতি পুনরপি হেতুরেব প্রষ্টব্যঃ স্যাৎ। অথ ভগবৎকৃপৈব তৎসাম্মুখ্যে প্রাথমিকং কারণমিতি চ গৌণম্।